দৈনিক ইনকিলাব

তারিখ 11 NOV 1993
পৃষ্ঠা ৭ কলাম ৫

# মাধ্যমিক স্তরে বাংলা ও ইংরেজী দ্রুতপঠনের সংখ্যা হ্রাস

॥ ইনকিলাব রিপোর্ট ॥

মাধ্যমিক স্তরে বাংলা ও ইংরেজী দ্রুতপঠনের সংখ্যা কমিয়ে দেয়া হয়েছে। কোন যৌক্তিক কারণ ছাড়াই জাতীয় শিক্ষাক্রম ও টেক্সট বুক বোর্ড এ সিদ্ধান্ত নেয়ায় লেখক ও প্রকাশক মহলে প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। বোর্ড কর্তৃপক্ষ যখন দ্রুতপঠনের জন্য বিজ্ঞাপন দেন, তখন সংখ্যা সম্পর্কে কোন নির্দেশনা ছিল না বিধায় সংশ্লিষ্টরা ভেবেছিলেন, আগের বছরের মত এ বছরও দু'বিষয়ে ১৬টি দ্রুতপঠন মনোনয়ন করা হবে। সে মতে বিপুল অর্থ ব্যয় করে প্রকাশকগণ পাণ্ডুলিপি জমা দিয়েছিলেন। কিন্তু চূড়ান্ত পর্যায়ে দু'বিষয়ে মাত্র ৬টি দ্রুতপঠন মনোনয়ন করা হয়েছে। সংশ্লিষ্ট মহল এ বিষয়ে পক্ষপাতিত্ব এবং স্বজনতোষণের অভিযোগ এনেছে।

প্রকাশ, মাধ্যমিক স্তরে ইতিপূর্বে বাংলা ও ইংরেজী বিষয়ে প্রতি বিষয়ে তিনটি করে ছয়টি দ্রুতপঠন চালু ছিল। এসব গ্রন্থ তিন বছরের জন্য অনুমোদন দেয়া হত। পরবর্তীতে নিরপেক্ষ সরকারের আমলে দেশে ছাত্রসংখ্যা বৃদ্ধি এবং লেখক-প্রকাশকদের পৃষ্ঠপোষকতার কথা বিবেচনা করে বাংলায় ৮টি ও ইংরেজীতে ৮টি সহপাঠ অনুমোদনের সিদ্ধান্ত নেয়া হয়। এর ভেতর হতে

৭-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

**দ্রুতপঠন** প্রথম পৃষ্ঠার পর

বিদ্যালয়গুলো ইচ্ছেমত ১টি করে দ্রুতপঠন নির্ধারণ করত। এ বছরও জাতীয় শিক্ষাক্রম ও টেক্সট বুক বোর্ড সংবাদপত্রে বিজ্ঞাপন দিয়ে দ্রুতপঠনের পাণ্ডুলিপি আহবান করে। সংখ্যা বিষয়ে উল্লেখ না থাকায় ১৬টি দ্রুতপঠনের জন্য বিপুল সংখ্যক প্রকাশক পাণ্ডুলিপি জমা দেন। এসব পাণ্ডুলিপি জমা দিতে বিরাট অংকের অর্থ ব্যয় হয়েছে। বোর্ড কর্তৃপক্ষ জমাকৃত পাণ্ডুলিপি বোর্ড মনোনীত বিশেষজ্ঞদের বিবেচনার জন্য পাঠান। সবশেষে বোর্ড কর্তৃপক্ষ ৬টি দ্রুতপঠনের তালিকা চূড়ান্ত করেন।

এ বিষয়ে বোর্ড সংশ্লিষ্ট সূত্র জানায়, বেশী সংখ্যক বই বিকল্প হিসেবে থাকলে প্রশ্নের কলেবর বেড়ে যায়। এ যুক্তি খণ্ডন করে প্রকাশকগণ বলছেন, যেহেতু দ্রুতপঠন হতে নৈর্ব্যক্তিক প্রশ্ন থাকে না, সেহেতু কলেবর বৃদ্ধির প্রসঙ্গ অবাস্তব। বই-এর সংখ্যা বেশী থাকলে শিক্ষকবৃন্দ বিস্তৃত ক্ষেত্র হতে বই পছন্দ করতে পারেন। লেখক-প্রকাশকদের অভিযোগ, বিশেষ মহলের স্বার্থ রক্ষায় এ পদক্ষেপ নেয়া হয়েছে। তাঁরা এ বিষয়ে শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপ কামনা করে আগের মত সংখ্যায় দ্রুতপঠন মনোনয়ন দেয়ার আহবান জানিয়েছেন। অন্যথায় কোন বিকল্প না রেখে ১টি করে দ্রুতপঠন মনোনয়ন দেয়াও অধিকতর যৌক্তিক।